# দিঘলিয়া উপজেলা পরিষদের অক্টোবর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৫)

সভাপতি : খান মাসুম বিল্লাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক,উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ৩১ অক্টোবর ২০২৪, বৃহস্পতিবার
সময় : দুপুর ১২:৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত অক্টোবর/২০২৪, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | অক্টোবর/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, সেপ্টেম্বর/২০২৪ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণদের নিয়মিত কমিটির কার্যপত্র প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: সেপ্টেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- /-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার জানান যে, অক্টোবর/২৪ মাসে প্রায় ৬৫০ জন কৃষক কে পোকা-মকড় (বালাই) এর আগাম সতর্ক করা ও উন্নত কৃষি প্রযুক্তি বিষয় হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। রবি মৌসুমে/২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ৩০ বিঘা জমিতে উন্নতমানের গম, ১৮০ বিঘা জমিতে উন্নতমানের সরিয়া, ১৩০ বিঘা জমিতে | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিব কার্জ পরিচালনাসহ কৃষি অফিস থেকে কৃষকের মাঝে যে উপকরণ গুলি বিতারণ করা হবে। | উপজেলা প্রকৃষি অফিসার , দিঘলিয়া খুলনা। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উন্নতমানের সূর্য্যমুখি, ৩০ বিঘা জমিতে উন্নতমানের শীতকালীন পেঁয়াজ, ১৫০ বিঘা জমিতে হাইব্রিড সব্জীর বীজসহ সার এবং ৩,২০০ বিঘায় হাইব্রিড বোরো ধানের বীজ বিতরণ করা হবে। অদ্য ০৪/১১/২০২৪ ইং তারিখ পর্যন্ত ১৫০ বিঘা সবজি ও ১৮০ বিঘা সরিষার বীজসহ সার বিতরণ করা হয়েছে। মাঠে ফসলের বর্তমান অবস্থা ভাল এবং বর্তমান সারের কোন ঘাটতি নাই। বিভাগীয় কাজ সুষ্টুভাবে চলছে। | সে ক্ষেত্রে সরজমিনে যাচাই বাছাইয়ের মাধ্যমে প্রকৃত কৃষক কে উক্ত উপকরন বিতারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, সারাদেশে ডেঙ্গু রোগীর প্রাদুভাব চলছে। এক্ষেত্রে তিনি আমাদের প্রত্যেকের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে তিনি সকলকে অনুরোধ করেন। তিনি আরো বলেন সকল মাধ্যমিক স্কুলের ছাত্রীদের ১৩ বছর বয়স হতে ১৫ বছর বয়স পর্যন্ত মেয়েদের জরায়ু টিকা ক্যাম্পেইনের মাধ্যমে টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে আমাদের সকলের আঙ্গিনার চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখারসহ জরায়ু টিকা ক্যাম্পেইনকে সফল ভাবে বাস্তবায়ন করার লক্ষে ১৩ বছর হতে ১৫ বছর বয়সের ছাত্রীদের স্কুলে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃতিতা মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধী কার্যক্রমে লাইভ ভেরিফিকেশন সশরীরে উপস্থিত নিশ্চিত এর মাধ্যমে ভাতাভোগীদের এবং পে-রোল প্রেরন এবং অনুপস্থিত ভাতা ভোগীদের প্রতিস্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় অফিসার জানান যে, সমবায় বিভাগের ২০২৩-২৪ সালের বরাদ্দকৃত ৬৬টি প্রাথমিক এবং ০৩টি কেন্দ্রীয় সমবায় সমিতির বার্ষিক নিরীক্ষা বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২২-২০২৩ সালের নিরীক্ষাকৃত সমবায় সমিতির মধ্যে নীট লাভ অর্জনকারী সমবায় সমিতির অনুকূলে২০২২-২৩ সালে ধার্যকৃত এবং আদায়কৃত নিরীক্ষা ফি'র পরিমাণ ১,৪৮,১৯০/- টাকা এবং আদয়কৃত সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ ১,৪৮,৯২০/- টাকা। ২০২৪-২০২৫ অর্থবছরে বরাদ্দ হতে বিভিন্ন সমবায় সমিতির ২৫ জন সদস্যবন্দের অংশগ্রহণে একটি ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হয়েছে। আগামী ০২ নভেম্বর ২০২৪ শনিবার ৫৩ তম জাতীয় সমবায় দিবস ২০২৪ উদযাপিত হবে মর্মে তিনি সভায় উপস্থিত সকলকে উক্ত দিবসের আয়োজনে উপস্থিত হওয়ার আমন্ত্রণ | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক বিভিন্ন নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা ও অনাদায়কৃত নিরীক্ষা ফি'র অর্থ আদায় করে সরকারী কোষাগারে জমাসহ ৫৩ তম জাতীয় সমবায় দিবস যথাযথ মর্যদায় পালক করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় অফিসার জানান যে, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি) এর আওতায় দিঘলিয়া উপজেলা কমপ্লেক্স প্রশাসনিক সম্প্রসারণ ভবনের ৪র্থ তলার উলম্ব সম্প্রসারণ প্রকল্প কাজের ঠিকাদার সৈকত এন্টার প্রাইজ ১০/২১ খান বাহাদুর সামসুজ্জোহা রোড, কোর্টপাড়া , কুষ্টিয়া এর মাধ্যমে কাজ চলমান রয়েছে। কাজ চলাকালিন সময় ঠিকাদার কর্তৃক ছাদের স্ক্রিডিং উঠানোর সময় ছাদ ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি বলেন উপজেলা প্রকৌশলীকে ছাদটি সরেজমিনে পরিদর্শন করে ক্ষতিগ্রস্থ নিরুপন করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী জানান যে, ছাদটি সরেজমিনে পরিদর্শন কমিটির প্রতিবেদনের মাধ্যমে | সভায় বিস্তারিত আলোচনান্তে নির্মাণাধীন ক্ষতিগ্রস্ত ছাদটি কমিটি কর্তৃক সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী কমিশনার (ভূমি) দিঘলিয়া, খুলনা। |

CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>ক্ষতিগ্রস্থ অংশ নিরুপন করার প্রস্তাব করেন। সভায় আলোচনার মাধ্যমে কমিটি নিম্নরুপ।
<table>
<tr><th>ক্র:</th><th>নাম ও পদবী</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>জনাব আবু তারেক সাইফুল কামাল, উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>জনাব মোঃ আরিফ হোসেন, প্রকল্প বাস্তবায়ন,অফিসার, দিঘলিয়া, খুলনা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব মোস্তাফিজুর রহমান, জনস্বাস্থ্য প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>জনাব শ্যামল দাস, উপসহকারী প্রকৌশলী এলজি ইডি, দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৯</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, তার অফিসের কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ খামারী পর্যায়ে ভেটেরিনারি চিকিৎসা এবং অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে। তিনি বলেন উপজেলা পরিষদের মেইনগেট নির্মাণ কাজ চলমান বিধায় উপজেলা প্রাণিসম্পদ অফিসের গেটটি প্রায় বন্ধ যার ফলে গাড়ীটি অফিসের সম্মুখে নির্মিত গ্যারেজে রাখা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় গাড়ীটি উপজেলা পরিষদের কোন গ্যারেজে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন পরিষদের এডিপি বরাদ্দ সাপেক্ষে প্রাণিসম্পদ অফিসের গেটটি নতুনভাবে তৈরী করার জন্য অনুরোধ করেন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাণিসম্পদের অফিসের গাড়ীটি পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সম্মুখের টিন সেডে রাখাসহ প্রাণিসম্পদ অফিসের গেটটি নির্মাণের জন্য উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি</td>
<td>প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) তহবিলের আওতায় অত্র উপজেলায় ১ম কিস্তিতে ২২,৩৭,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রথম বরাদ্দ হিসাবে মোট ০৪ কিস্তির সম্ভব্য বরাদ্দ=৮৯,৪৮,০০০/- টাকা ও চলতি অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর =৭৪,৭১,২৬৫/- টাকার বিপরীতে প্রকল্প দাখিল করার জন্য সকল ইউ, পি চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগণকে পত্র প্রেরণ করার যেতে পারে।<br><br>প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবনের চতুর্থ তলার ছিলেকোটার ছাদ ভাঙ্গার কিছু পুরাতন রড রক্ষিত আছে। যা সম্ভাব্য মূল্য ২২,৫৫৬/- টাকা যা নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br><br>প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়াটার বনলতা ভবনে বসবাস কারীরা জানান যে তাদের ভবনের প্রতিটি ফ্লাটের দরজা, জানালা, ফ্লোর, এবং টয়লেট গুলি ব্যবহারের অনুপযোগী হয়ে পরেছে। বিধায় উক্ত বনলতা ভবনটির দরজা, জানালা, ফ্লোর ও টয়লেট গুলি মেরামত করা প্রয়োজন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের বিপরীতে প্রকল্প দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে পুরাতন রড এর প্রাক্কলনটি নিলামে বিক্রয়ের অনুমোদনের জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে বনলতা ভবনের প্রতিটি ফ্লাটে উক্ত কাজগুলোর একটি প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করা সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলে নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, এবং উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, ভিডব্লিবি কর্মসূচীর আওতায় অক্টোবর/২৪ মাস পর্যন্ত বরাদ্দ সাপেক্ষে ০১ (এক) মাসের খাদ্যশস্য বিতরণ করা হয়েছে ও প্রশিক্ষণ চলমান আছে। তিনি আরো বলেন মা ও শিশু কর্মসূচীর নতুন উপকারভোগী করার বরাদ্দ আদশে পাওয়া গেছে, মা ও শিশু কর্মসূচীর নতুন উপকারভোগীর তালিকা করার জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদে জানানো হইয়াছে। চলমান উপকারভোগীর মনিটরিং চলমান রয়েছে। তিনি বলেন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বলেন অক্টোবর/২৪ মাসে ৩০,৪৫০/- টাকা ঋণ আদায় হয়েছে। তিনি বলেন অক্টোবর/২৪ মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে ০১ টি অভিযোগ পাওয়া গেছে। অক্টোবর/২৪ মাসে ০২টি উঠান বৈঠাক করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা মৎস্য অফিসার | উপজেলা মৎস্য অফিসার জানান যে, ১৩ অক্টোবর ২০২৪ খ্রি: তারিখ থেকে আগামী ০৩ নভেম্বর ২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে। এই পর্যন্ত ১০টি মোবাইল কোর্ট টিম এর মাধ্যমে ২৮টি অভিযান পরিচালনা করে প্রায় ২১ লক্ষ টাকার অবৈধ কারেন্ট জল জব্দ ও বিনষ্ট করা হয়েছে। তিনি আরো বলেন মা ইলিশ সংরক্ষণ অভিযান বাস্তবায়নকালে মোট ৩৮০ জন মৎস্যজীবিদের মাঝে ভিজি এফ চাউল বিতরণ করা হয়েছে। তিনি আরো বলেন ০১ নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা সংরক্ষণ অভিযান অব্যাহত থাকবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরন ও নিয়মিত অভিযান এবং মোবাইলকোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলায় ৬টি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত ৬টি বিদ্যালয়ের নির্মাণাধীন নতুন ভবনের ৪০% কাজ হয়েছে। অবশিষ্ট ৬০% কাজ চলমান রয়েছে। তিনি আরো বলেন গাজীরহাট ইউনিয়নের ৪৯ নং দরিমহিষদিয়া বিদ্যালয়ের ওয়াশব্লকের নির্মাণকাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে কোমলমতি শিশুর শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখতে বিদ্যালয়ের যাবতীয় নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা একাডেমিক সুপার ভাইজার জানান যে, এস, এম মোস্তফা রশিদী সুজা গার্লস কলেজ এর অধ্যক্ষ পদ শূন্য থাকায় সরকারি পরিপত্র অনুযায়ী গভানিংবডির সভায় সর্বসম্মতিক্রমে প্রভাষক প্রতিভা রায়কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর দায়িত্ব প্রদান করা হয়। তিনি আরো জানান যে, পথের বাজার মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষাক এর নামে মামলা থাকায় তাদেরকে বিদ্যালয় চলাকালীন সময়ে বিদ্যালয়ে অনুপস্থিত পাওয়া যায় যাহা সভাপতি মহোদয় কর্তৃক পরবর্তী পদক্ষেপ নেওয়ার অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর | উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, বিগত অর্থবছরের দাপ্তরিক অধিকাংশ কাজই প্রায় শেষ হয়েছে। কিন্তু কতিপয় নলকূপের তালিকা সংশোধন প্রয়োজন। এছাড়াও মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রেরিত তালিকা থাকা সত্ত্বেও বর্তমান পরিস্থিতিতে বাধারমুখে স্থগিত হওয়া রেইন ওয়াটার হার্ভেস্টিং (পানির ট্যাংক) বিতরণ কার্যক্রম বাস্তবায়নে উপজেলা | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশাসনের নিকট সার্বিক সহযোগিতা কামনা করেন। অতঃপর চেয়ারম্যান, আড়ংঘাটা এর প্রশ্নের উত্তরে জানান যে কমিউনিটি বেজড টিউবওয়েল স্থাপনের জন্য অত্র উপজেলা হতে তালিকা প্রস্তুত পূর্বক জেলা অফিসে বেশ আগেই পাঠানো হয়। যার প্রেক্ষিতে জেলা অফিস হতে প্রাক্কলন প্রস্তুত পূর্বক অফিস, ঢাকাতে প্রেরণ করবেন। কিন্তু প্রকল্প অফিস হতে অদ্যবধি প্রাক্কলন অনুমোদন হয়নি বিধায় টেন্ডার কার্যক্রম ব্যহত হচ্ছে বলে উক্ত কাজ বাস্তবায়ন করা সম্ভাব হচ্ছে না। | | দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। চলতি মাসে বাজেট পাওয়া গেছে, বাজেট অনুযায়ী ২২/০৯/২০২৪ খ্রি: তারিখ হতে ৩০ জনের ১ম ব্যাচ প্রশিক্ষণ শুরু করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি দেয়া হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবকরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রাপ্ত ১২ জন যুব ও যুব মহলিাদের মাঝে ৫,২০.০০০/- টাকার ঋণ প্রদান করা হয়েছে। চলমান ঋণ আদায় শত ভাগ তবে, খেলাপী ঋণ আদয়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে। দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রশিক্ষণ প্রদান ও ঋন প্রদান এবং ঋণ আদায় অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা বন দপ্তর | উপজেলা বন কর্মকর্তা জানান যে, ৩নং দিঘলিয়া ইউনিয়ন পরিষদ এর অর্থায়নে রোপিত একটি বট গাছ প্রবল বর্ষনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর সামনে মেইন রোডে উপড়ে পড়ে গাছটির ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হলে উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, গাছ বিক্রয় এর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অধিদপ্তরের গাছ কর্তন সংক্রান্ত প্রজ্ঞাপন/পরিপত্র/বিধিমালা/নীতিমালা/সার্কুলার/নির্দেশনা ইত্যাদি যথাযথভাবে অনুসরন করার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করেন এবং বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০১১ অনুসরনের জন্যেও সকলকে বিশেষভাবে অনুরোধ করেন | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রশিক্ষণ প্রদান ও ঋন প্রদান এবং ঋণ আদায় অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, দিঘুলিয়া, খুলনা। |
| ১৮ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ | **প্রস্তাব -১ :** চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, উপজেলা মৌড় সংলগ্ন যে কৃষি মাঠ রয়েছে। সেখানে পানি নিস্কাশনের ব্যবস্থা না থাকায় জলবদ্ধতার কারণে সে সকল কৃষি জমিতে আমন মৌসুমের ধান রোপন করা সম্ভব হয়নি। এতে করে ঐ সমস্ত কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি বলেন কৃষকদের নিয়মিত ফসল ফলানোর সুবিধার্থে কৃষিখেতের পানি মাটির নিচ থেকে পাইপ বসিয়ে পানি নিস্কাশন ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি উপজেলা কৃষি অফিসারকে বিএডিসির উদ্ধর্তন কর্মকর্তার সাথে আলোচনা করে পাইপ আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।<br><br>**প্রস্তাব-২:** চেয়ারম্যান দিঘলিয়া ইউপি আরো জানান যে, উপজেলা হাসপাতালের মেইন গেটে দীর্ঘ দিনের পুরাতন বটগাছটি প্রবল বর্ষনের কারণে উপরে পরে থানা সদরের প্রধান সড়ক এবং হাসপাতালের মেইন বন্ধ হয়ে যাওয়ায়। জরুরী ভিত্তিতে উক্ত বটগাছটি সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর | সিদ্ধান্ত-১: সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৌড় সংলগ্ন ফসলের মাঠে জমে থাকা পানি নিস্কাশন ও নাককাটি খালের সুইচ গেট নির্মানের জন্য উপজেলা কৃষি অফিসের মাধ্যমে বি এ ডিসি অফিস থেকে পাইপ এর ব্যবস্থা করে পানি নিস্কাশন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সিদ্ধান্ত-২: বিস্তারিত আলোচনান্তে ঝড়ে উপরে পরা বটগাছটি নিলাম কমিটির মাধ্যমে মূল্য নির্ধারন করে। উক্ত গাছটি নিলামে মাধ্যমে | উপজেলা কৃষি অফিসার দিঘলিয়া, খুলনা।<br><br>উপজেলা ফরেষ্ট অফিসার, |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | তত্ত্বধায়নে গাছটি অপসারণ করে জনগণ তথা যানবাহন চলাচলের ব্যবস্থা করে দেওয়া হয়। উক্ত গাছটি অপসারণের প্রয়োজনীয় অর্থ দিঘলিয়া ইউনিয়ন পরিষদ কর্তৃক ব্যয়িত হয়। তিনি বলেন অপসারণকৃত বটগাছটি উপজেলা নিলাম কমিটির মাধ্যমে মূল্য নির্ধারণ করে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেণ। | বিক্রয় করে বিক্রয়কৃত অর্থে থেকে দিঘলিয়া ইউনিয়নের খরচকৃত অর্থ পরিশোধ করার পর অবশিষ্ট অর্থ বিধি অনুযায়ী সরকারী কোষাগারে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| ১৯ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ জানান যে, আড়ংঘাটা ইউনিয়নের দুই/তিনটি রাস্তা চলাচলের অনুপয়োগী হয়ে পড়েছে। জনগণের চলাচলের সুবিধার্থে রাস্তাটি দ্রুত নির্মান/সংস্কার করা প্রয়োজনীয়। | সভায় বিস্তারিত আলোচানান্তে উক্ত রাস্তাগুলি জনগণের চলাচলের সুবিধার্থে দ্রুত মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশী, দিঘলিয়া, খুলনা। |

**সেপ্টেম্বর/ ২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। জনাব লিয়াকত আলী খান, মালী এর সেপ্টেম্বর /২০২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৪। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর সেপ্টেম্বর/২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৫। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ০৪ টি মিটারের আগস্ট/২৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ=২৪,২২০/-<br>০৬। ২৪১২৯০১০২৭৬৩০ মোঃ হায়দার আলী মোড়ল দিঘলিয়া, খুলনা এর নামে উজেলা পরিষদের প্রধান প্রবেশ গেট নির্মান কাজের পাট বিল প্রদান বাবদ=৩,৫৪,৭০৪/-<br>০৭। জনাব নাহিদা, অফিস সহায়ক, উপজেলা প্রকৌশলী দপ্তর দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের দ্বীতলা ভবনের একটি রুম মেরামত কাজের বিল বাবদ=১১,৩৫৯/-<br>০৮। জনাব গৌর সরদার, সুইপার রেলিগেট, খুলনা এর নামে গেজেটেড কোয়াটার ও সাগরিকা কোয়াটারের সেফটি ট্যাংকি পরিস্কার কাজের বিল বাবদ=১৯,৭১০/-<br>০৯। খান মাসুম বিল্লাহ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর অতিরিক্ত দায়িত্ব ভাতা বাবদ=১,৫০০/- | /- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১/১০/২০২৪

(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- তারিখ: ৩১.১০.২০২৪ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৫। চেয়ারম্যান, .......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৬। অফিস কপি